

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd


স্মারক নং-নং-৪৫.১৫৫.১১৪.০০.০০.০০১.২০১৫-৮৫৫

তারিখঃ ১৯-১২-২০১৯খ্রিঃ

বিষয়ঃ চিকিৎসা যন্ত্রপাতি সংগ্রহের ক্ষেত্রে মন্ত্রণালয়কে অবহিতকরণ/অনুমোদন গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় পরিচালিত মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, জেলা/জেনারেল হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসমূহের যন্ত্রপাতি সংগ্রহের লক্ষ্যে প্রতি বছর ৪১১২৩১৫ (চিকিৎসা যন্ত্রপাতি) অর্থনৈতিক কোডে প্রতিষ্ঠান/স্বাস্থ্য অধিদপ্তর/সচিবালয় অংশে বরাদ্দ প্রদান করা হয়। তাছাড়া বিভিন্ন অপারেশনাল প্ল্যানের আওতায়ও যন্ত্রপাতি ক্রয়ের জন্য বরাদ্দ প্রদান করা হয়। উক্ত বরাদ্দ দ্বারা চিকিৎসা সেবায় ব্যবহৃত বিভিন্ন চিকিৎসা যন্ত্রপাতি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ ক্রয় করে থাকে। এ সকল ক্রয় কার্যক্রমে বিভিন্ন ধরনের অভিযোগ উত্থাপিত হওয়ায় মন্ত্রণালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। ফলে চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক যন্ত্রপাতি ক্রয়ের বিষয়টি মন্ত্রণালয়কে অবহিতকরণ/প্রয়োজ্য ক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, উৎস নির্বিশেষে প্রাপ্ত বরাদ্দ দ্বারা মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতালসহ সকল সরকারি চিকিৎসা সেবা প্রতিষ্ঠান কর্তৃক চিকিৎসা যন্ত্রপাতি ক্রয়ের বিষয়টি মন্ত্রণালয়কে অবহিতকরণ এবং প্রয়োজ্য ক্ষেত্রে ক্রয় কার্যক্রমে মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ আবু রায়হান মিঞা)
উপসচিব
ফোন- ৯৫৫৬৯৮৯

বিতরণঃ

- ১। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)।
- ২। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)।
- ৩। তত্ত্বাবধায়ক (সকল), জেলা সদর/জেনারেল হাসপাতাল।
- ৪। সিভিল সার্জন (সকল)।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা (সকল)।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (তাকে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ এবং সংশ্লিষ্টদের মেইলে প্রেরণের অনুরোধসহ)।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ ও বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা।